

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
সংস্থাপন শাখা, প্রশাসন বিভাগ
১৬, আব্দুল গণি রোড, ঢাকা-১০০০
<https://dgfood.gov.bd>

নম্বর: ১৩.০১.০০০০.০০০.০৩১.১১.০০০১.২৫.৪১৭

তারিখ: ১৪ বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ
২৭ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ

বিজ্ঞপ্তি

বিষয়: উপ-খাদ্য পরিদর্শক (গ্রেড-১৩) পদে নিয়োগের লিখিত পরীক্ষা গ্রহণ

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, খাদ্য অধিদপ্তরের ২৫ (পঁচিশ) ক্যাটাগরির ১৭৯১টি শূন্যপদে জনবল নিয়োগের লক্ষ্যে প্রশাসন বিভাগ, খাদ্য অধিদপ্তরের ৩১/০৮/২০২৩ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৩১.১১.০০৫.২২.৮০২ নং স্মারকের নিয়োগ বিজ্ঞপ্তি এবং ০৯/০৩/২০২৫খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৩১.১১.০০৩.২৫.১৯৮ নং স্মারকের পুনঃনিয়োগ বিজ্ঞপ্তি জারি করা হয়। উক্ত নিয়োগ বিজ্ঞপ্তির পরিপ্রেক্ষিতে উপ-খাদ্য পরিদর্শক (গ্রেড-১৩) পদে নিয়োগের লিখিত পরীক্ষা আগামী ০৮/০৫/২০২৬খ্রি. তারিখ সকাল ১০.০০ ঘটিকা হতে ১১.৩০ ঘটিকা পর্যন্ত ঢাকা মহানগরীর (১) আজিমপুর গভর্নমেন্ট গার্লস স্কুল এন্ড কলেজ আজিমপুর, ঢাকা; (২) ইনজিনিয়ারিং ইউনিভার্সিটি স্কুল এন্ড কলেজ, বুয়েট ক্যাম্পাস, ঢাকা; এবং (৩) গভর্নমেন্ট কলেজ অব অ্যাপ্লাইড হিউম্যান সাইন্স, আজিমপুর, ঢাকায় অনুষ্ঠিত হবে। উক্ত পদে প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীগণকে যথাসময়ে পরীক্ষায় অংশগ্রহণের জন্য অনুরোধ করা হলো।

উক্ত পদে প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীগণ আগামী ০১/০৫/২০২৬খ্রি. তারিখ বেলা ০২.০০ ঘটিকা হতে <http://admit.dgfood.gov.bd> ওয়েবসাইট থেকে প্রবেশপত্র ডাউনলোড করতে পারবেন। প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীগণকে আবশ্যিকভাবে প্রবেশপত্রের রজিন কপি প্রিন্ট করে পরীক্ষায় অংশগ্রহণের জন্য অনুরোধ করা হলো।

প্রবেশপত্র ডাউনলোড করতে কোন সমস্যা হলে হটলাইন ০১৭১০৮৮২৯৫৬ (অফিস চলাকালীন) এ যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো। জটিলতা এড়ানোর লক্ষ্যে শেষ তারিখের জন্য অপেক্ষা না করে দ্রুততার সাথে প্রবেশপত্র ডাউনলোড করার জন্য অনুরোধ করা হলো।

নিয়োগ বিজ্ঞপ্তির অন্যান্য পদের পরীক্ষা পরবর্তীতে ধাপে ধাপে অনুষ্ঠিত হবে। পরবর্তী পরীক্ষার সময়সূচি খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে বিজ্ঞপ্তির মাধ্যমে প্রকাশ করা হবে।

এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

২৭-০৪-২০২৬

অনিবার্ণ ভদ্র

উপপরিচালক

ফোন : +৮৮-০২-৪১০৫০৭২৩

ইমেইল : dd.est@dgfood.gov.bd

বিতরণ: জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে:

- ১। কমিশনার (ভারপ্রাপ্ত), পুলিশ কমিশনারের দপ্তর, ঢাকা মেট্রোপলিটন পুলিশ (ডিএমপি)।
- ২। অতিরিক্ত মহাপরিচালক (চলতি দায়িত্ব), অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর।
- ৩। পরিচালক, প্রশাসন/সববি/চসসা/হিসাব ও অর্থ/সংগ্রহ/পউকা/প্রশিক্ষণ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৪। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা।
- ৫। পরিচালক, ব্যুরো অফ রিসার্চ, টেস্টিং এন্ড কনসালটেশন (বিআরটিসি), বুয়েট।

- ৬। জনাব ড. মোঃ সাইফুল ইসলাম, অধ্যাপক ও পরিচালক, আইআইসিটি, বুয়েট। (০১/০৫/২০২৬খ্রি. তারিখ বেলা ০২.০০ ঘটিকা হতে বর্ণিত পদের আবেদনকারীগণের জন্য ওয়েবসাইট <http://admit.dgfood.gov.bd> হতে প্রবেশপত্র ডাউনলোডে র ব্যবস্থা রাখার জন্য অনুরোধ করা হলো।)।
- ৭। জনাব ডঃ মোঃ লিয়াকত আলী, অধ্যাপক ও প্রকল্প সমন্বয়কারী, আইআইসিটি, বুয়েট।
- ৮। উপসচিব , সংস্থা প্রশাসন-১ শাখা, খাদ্য মন্ত্রণালয়।
- ৯। উপসচিব, বিধি-৩ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়।
- ১০। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, মাননীয় প্রতিমন্ত্রীর দপ্তর, খাদ্য মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১১। সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১২। সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অব গতির জন্য এবং খাদ্য অধিদপ্তরের নিয়োগ সংক্রান্ত বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের লক্ষ্যে বাংলাদেশ টেলিভিশনসহ বিভিন্ন টিভি চ্যানেলে স্ক্রল আকারে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ১৩। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, ঢাকা।
- ১৪। জেলা খাদ্য নিয়ন্ত্রক, জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, ঢাকা।
- ১৫। একান্ত সচিব (উপ-পরিচালক), চেয়ারম্যান, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১৬। জেনারেল ম্যানেজার, মার্কেটিং ও ভ্যালু এডেড সার্ভিসেস (ভিএএস), টেলিটক বাংলাদেশ লিমিটেড।
- ১৭। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (বিজ্ঞপ্তিটি খাদ্য মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশ এবং স্ক্রল আকারে প্রদর্শনের জন্য অনুরোধ করা হলো)।
- ১৮। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর(বিজ্ঞপ্তিটি খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ এবং স্ক্রল আকারে প্রদর্শনের জন্য অনুরোধ করা হলো)।
- ১৯। মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২০। প্রশাসনিক কর্মকর্তা, নেজারত শাখা, খাদ্য অধিদপ্তর(বিজ্ঞপ্তিটি পত্রিকায় প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ২১। অফিস কপি।

